

# খাদ্যের মান নিয়ে বৈঠক

## পুরসভার

নিজস্ব সংবাদদাতা

উত্তরপাড়া: ভাগাড় কাণ সামনে  
আসার পরে এলাকার বিভিন্ন  
হোটেল-রেস্টুরাঁয় অভিযান  
চালিয়েছিলেন উত্তরপাড়া  
পুর-কর্তৃপক্ষ। এ বার ব্যবসায়ীদের  
ডেকে সতর্কও করে দেওয়া হল।

মঙ্গলবার দুপুরে পুরসভার  
তরফে উত্তরপাড়া গণভবনে  
হোটেল-রেস্টুরাঁয়, মাছ-মাংস এবং  
মিষ্টি ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকের  
আয়োজন করা হয়েছিল। প্রায় দু'শো  
ব্যবসায়ী এসেছিলেন। পুরপ্রধান  
দিলীপ যাদব ছাড়াও স্বাস্থ্য দফতরের  
খাদ্য নিরাপত্তা আধিকারিক প্রতাপ  
পাল হাজির ছিলেন।

পুর-কর্তৃপক্ষের তরফে  
ব্যবসায়ীদের জানিয়ে দেওয়া হয়,  
খদেরকে বাসি খাবার দেওয়া চলবে  
না। মাছ-মাংস ফ্রিজে জমিয়ে রাখা  
যাবে না। প্রয়োজন বুঝে প্রতি দিনের  
মাছ-মাংস প্রতিদিন আনাতে হবে।  
সতর্কীকরণের একটি তালিকাও  
ব্যবসায়ীদের হাতে ধরিয়ে দেওয়া  
হয়। প্লাস্টিক ব্যবহারে নিষেধাজ্ঞার  
কথা জানানো হয়। পাশাপাশি ট্রেড  
লাইসেন্স এবং খাদ্য প্রক্রিয়াকরণ  
লাইসেন্স তৈরি করে নিয়ম মেনে  
ব্যবসা করার পরামর্শ দেওয়া হয়।

পুরপ্রধান বলেন, “খাবারের  
মান নিয়ে আমরা কোনও আপোস  
করব না।” তিনি জানান, ব্যবসায়ীরা  
নিজেদের কিছু সমস্যার কথা বলেন।  
ওই সব সমস্যা সমাধান নিয়েও  
পুর-কর্তৃপক্ষের তরফে পরামর্শ  
দেওয়া হয়েছে।